# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ১.৭০ লক্ষ টাকা জরিমানা

১৩ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, খুলনা, মুন্সীগঞ্জ, বরিশাল, ভোলা, ঝালকাঠি, কুড়িগ্রাম, যশোর এবং পঞ্চগড়ে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলিফ জেনারেল স্টোরকে **১,০০০/- (এক হাজার)** টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে হুমায়ুনের দোকান এবং বাছির জেনারেল স্টোরকে যথাক্রমে **৫০০/- (পাঁচশত)** টাকা ও **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে ডক্টর এন মেডিসিনকে **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা মহানগর এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জের টংগীবাড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের কোতয়ালী থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের ভুরুঙ্গামারী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় **৯টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকাসহ মোট **১,২৩,৫০০/- (এক লক্ষ তেইশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, পরিমাপে কারচুপি, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Oregano Restaurant কে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে YOD ও Kura Thai কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে টস ফুডকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ঢাকা এক্সপ্রেসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়া কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ক্যাফে ঝিরো পয়েন্ট ও বেস্ট ফুড গার্ডেনকে **২,০০০/- (দুই হাজার)** টাকা করে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ব্লাক ক্যাফে ও Seasoning Restaurant and Fast Food কে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১০টি** বাজার তদারকির ও **৮টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩৭টি** প্রতিষ্ঠানকে মোট **১,৭০,৫০০/- (এক লক্ষ সত্তর হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৮ জন** অভিযোগকারীকে মং **৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, খুলনা, মুন্সীগঞ্জ, বরিশাল, ভোলা, ঝালকাঠি, কুড়িগ্রাম, যশোর এবং পঞ্চগড়।
৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, খুলনা, মুন্সীগঞ্জ, বরিশাল, ভোলা, ঝালকাঠি, কুড়িগ্রাম, যশোর এবং পঞ্চগড়।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।